

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৬.২০১৬- ২৬৬

তারিখঃ ০৩.২০১৬খ্রিঃ

বিষয়ঃ ডাঃ নাবাউন নুর নীপা (১১৩৩৯৪), প্রাক্তন মেডিকেল অফিসার (গাইনী), শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ নাবাউন নুর নীপা (১১৩৩৯৪), প্রাক্তন মেডিকেল অফিসার (গাইনী), শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৮.০৬.২০১৪ তারিখের ৪৫.১৪৫.১৩২.০০.০০.০১২.২০১১-৮৭৯নং স্মারক মোতাবেক ৩১.০৭.২০১৫ তারিখ পর্যন্ত মঞ্জুরিকৃত লিয়েন ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদান না করে গত ০১.০৮.২০১৫ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উপরিলিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালায় অধীনে যথোপযুক্ত কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(বিমান কুমার সাহা এনডিপি)
অতিরিক্ত সচিব

ডাঃ নাবাউন নুর নীপা (১১৩৩৯৪)

প্রাক্তন মেডিকেল অফিসার (গাইনী)

শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা।

(স্থায়ী ঠিকানা-পিতা-মোঃ বজলুর রহমান, গ্রাম-আব্দুল্লাহআউর, ডাকঘর-চরসুবদ্দি, থানা-রায়পুরা, জেলা-নরসিংদী)

(যোগাযোগ ঠিকানাঃ- 'Clinical Fellow (ST1/2) in Obstetrics & Gynaecology' Barts and the London NHS Trust, UK)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৬.২০১৬- ২৬৬/১৫

তারিখঃ ০৩.২০১৬খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)
- ৩। উপসচিব (পার-৫ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

(আসমা তাসকিন)


উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

ডাঃ নাবাউন নুর নীপা (১১৩৩৯৪), প্রাক্তন মেডিকেল অফিসার (গাইনী), শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৮.০৬.২০১৪ তারিখের ৪৫.১৪৫.১৩২.০০.০০.০১২.২০১১-৮৭৯নং স্মারক মোতাবেক ৩১.০৭.২০১৫ তারিখ পর্যন্ত মঞ্জুরিকৃত লিয়েন ভোগ শেষে যথাসময়ে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদান না করে গত ০১.০৮.২০১৫ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(বিমান কুমার সাহা এমডিসি)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩৭.২০১৫- ২৬৫

আদেশ


তারিখঃ ১৫.০৩.২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ডাঃ পূর্ণ বর্ধন বড়ুয়া (কোড-৩৯৪৫৪), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পেকুয়া, কক্সবাজার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(সি) মোতাবেক ডাঃ মোহাম্মদ আজিজুর রহমান সিদ্দিকী (৪১১৭৭), সিভিল সার্জন, চট্টগ্রামকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হল।

২। তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার তারিখ, সময় ও স্থান যথানিয়মে অভিযুক্ত কর্মকর্তাসহ অন্যান্যদের অবহিত করে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১০ বিধি মোতাবেক প্রত্যেকটি অভিযোগের উপর মতামত, সাক্ষীদের জবানবন্দী ও জেরার লিখিত মূল কপিসহ সুস্পষ্ট মতামত সম্বলিত তদন্ত প্রতিবেদন ৩০(ত্রিশ) দিনের মধ্যে দাখিল করবেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমানিত/প্রমানিত নয় সম্পর্কে অবশ্যই মতামত প্রদান করতে হবে।

৩। এতদ্বারা ০১.০২.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩৭.২০১৫-৮৬ নম্বর স্মারকের তদন্তকারী কর্মকর্তা নিয়োগ আদেশ বাতিল করা হলো।

সংযুক্তঃ পাতা।


(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd


ডাঃ মোহাম্মদ আজিজুর রহমান সিদ্দিকী (৪১১৭৭)
সিভিল সার্জন
চট্টগ্রাম।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩৭.২০১৫- ২৬৫/৪৬৬

তারিখঃ ১৫.০৩.২০১৬খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তাকে তদন্ত কর্মকর্তার নিকট মামলা উপস্থাপনের নিমিত্ত কনডাক্টিং অফিসার নিয়োগ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। সিভিল সার্জন, কক্সবাজার।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। ডাঃ পূর্ণ বর্ধন বড়ুয়া (কোড-৩৯৪৫৪), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পেকুয়া, কক্সবাজার।


(আসমা তাসকিন)
উপসচিব

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৩.২০১৬-

২৬৬

তারিখঃ ১২.০৩.২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাঃ সুমী দাশ (১২৫১৩৬), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফটিকছড়ি, চট্টগ্রাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ সুমী দাশ (১২৫১৩৬), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফটিকছড়ি, চট্টগ্রাম গত ১০.১২.২০১২ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(বিমান কুমার সাহা এনডিপি)
অতিরিক্ত সচিব

ডাঃ সুমী দাশ (১২৫১৩৬)

প্রাক্তন মেডিকেল অফিসার

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স

ফটিকছড়ি, চট্টগ্রাম।

(স্থায়ী ঠিকানাঃ- পিতা-মিলন কান্তি দাশ, ৮নং রুমঘাটা, ডাকঘর-আন্দরকিল্লা, দেওয়ানবাজার, চট্টগ্রাম-৪০০০)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৩.২০১৬-

২৬৬/১৬

তারিখঃ ১৬.০৩.২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, চট্টগ্রাম।
- ৪। সিনিয়র সহকারী সচিব (পার-৩ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফটিকছড়ি, চট্টগ্রাম।

(আসমা তাসকিন)


উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

ডাঃ সুমী দাশ (১২৫১৩৬), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফটিকছড়ি, চট্টগ্রাম গত ১০.১২.২০১২ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তার উপরিলিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তার উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব